# নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দা‘ওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسل)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

২৯। জ্ঞান অন্বেষণ করা ও মানুষকে তা শিক্ষা দেয়া (طلب العلم وتعليمه الناس)

আল্লাহ তা‘আলা বলেন:

(وَقُلْ رَبِّ زِدْنِي عِلْمًا (114)) [طه: 114]

‘হে আমার রব! আমার জ্ঞান বৃদ্ধি করে দিন’ (সূরা ত্বহা: ১১৪)।

আল্লাহ তা‘আলা আরও বলেন:

(هُوَ الَّذِي بَعَثَ فِي الْأُمِّيِّينَ رَسُولًا مِنْهُمْ يَتْلُو عَلَيْهِمْ آيَاتِهِ وَيُزَكِّيهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتَابَ وَالْحِكْمَةَ وَإِنْ كَانُوا مِنْ قَبْلُ لَفِي ضَلَالٍ مُبِينٍ (2)) ... [الجمعة: 2]

‘তিনিই উম্মীদের[1] মাঝে একজন রাসূল পাঠিয়েছেন তাদের মধ্য থেকে, যিনি তাদের কাছে তেলাওয়াত করেন তাঁর আয়াতসমূহ, তাদেরকে পবিত্র করেন এবং তাদেরকে শিক্ষা দেন কিতাব ও হিকমাত। যদিও ইতঃপূর্বে তারা স্পষ্ট গোমরাহীতে ছিল’ (সূরা আল-জুমুআ': ২)।

আল্লাহ তা‘আলা আরও বলেন:

(وَلَكِنْ كُونُوا رَبَّانِيِّينَ بِمَا كُنْتُمْ تُعَلِّمُونَ الْكِتَابَ وَبِمَا كُنْتُمْ تَدْرُسُونَ (79)) [آل عمران: 79]

‘বরং সে বলবে, তোমরা রব্বানী হও। যেহেতু তোমরা কিতাব শিক্ষা দিতে এবং তা অধ্যয়ন করতে’ (সূরা আলে ইমরান: ৭৯)।

## ফুটনোট

[1]উম্মী দ্বারা আরবের লোকদেরকে বুঝানো হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9370

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন